অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে বেনাপোল সীমান্তে কঠোর অবস্থানে বিজিবি



ছবি: সংগৃহীত

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতা-কর্মীদের ভারত থেকে অবৈধভাবে দেশে প্রবেশ ঠেকাতে যশোরের বেনাপোল সীমান্তে নিরাপত্তা জোরদার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। সীমান্তের গুরুত্বপূর্ণ পয়েন্টগুলোতে নজরদারি বাড়ানোর পাশাপাশি সতর্ক অবস্থানে রয়েছেন বিজিবি সদস্যরা।

রোববার (২২ নভেম্বর) সন্ধ্যার পর থেকে যশোর ৪৯ বিজিবি ব্যাটালিয়নের উদ্যোগে সীমান্ত এলাকায় বাড়তি নিরাপত্তাব্যবস্থা নেওয়া হয়। এ জন্য অতিরিক্ত সদস্য মোতায়েন এবং টহল কার্যক্রম জোরদার করা হয়েছে।

বিশেষ করে রাতের বেলায় ভারত থেকে কেউ যাতে অবৈধভাবে সীমান্ত অতিক্রম করে বাংলাদেশে প্রবেশ করতে না পারে, সে বিষয়ে নজর রাখছে বিজিবি। একই সঙ্গে প্রয়োজন ছাড়া রাতে সীমান্ত এলাকায় ঘোরাফেরা না করতে সাধারণ মানুষকে সতর্ক করা হয়েছে।

যশোর ৪৯ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল গোলাম আলম সাইফুল আলম খান বলেন, দেশকে অস্থিতিশীল করার উদ্দেশ্যে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ নানা ধরনের অপপ্রচার চালাচ্ছে। দলটির নেতা-কর্মীরা যাতে সীমান্ত দিয়ে অবৈধভাবে দেশে ঢুকতে না পারেন, সে জন্য গুরুত্বপূর্ণ পয়েন্টগুলোতে নজরদারি বাড়ানো হয়েছে এবং অতিরিক্ত বিজিবি সদস্য মোতায়েন করা হয়েছে।

তিনি আরও বলেন, সীমান্তে সন্দেহজনক চলাচল, অবৈধ অনুপ্রবেশ ও চোরাচালান ঠেকাতে বিজিবি তৎপর রয়েছে। দেশের নিরাপত্তা ও স্থিতিশীলতা রক্ষায় অপরাধমূলক কর্মকাণ্ডের বিরুদ্ধে কঠোর অবস্থান নেওয়া হবে।